



ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

দামপাড়া শাখা, ১১৫/১৩৪, এম.এম.আলী রোড, দামপাড়া, চট্টগ্রাম।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ দামপাড়া শাখা, চট্টগ্রাম এর ঋণগ্রহীতা জনাব মোঃ বাহাদুর, পিতা-মোঃ ইসলাম সওদাগর, মাতা-হাজেরা বেগম, স্থায়ী ঠিকানা-ইসলাম সওদাগর বাড়ী, গ্রাম-মোনাফকিল, ডাকঘর ও থানা-ফটিকছড়ি, জেলা-চট্টগ্রাম, বর্তমান ঠিকানা-ক্যাপটেন কলোনী, বাংলা ইউনিয়ন রোড, ধনীরা পাহাড়, ডাকঘর-বায়াজিদ-৪২১০, থানা-বায়াজিদ বোস্তামী, জেলা-চট্টগ্রাম এর নিকট অটোলোন হিসাবে ২৭/০৮/২০১৪ইং তারিখ পর্যন্ত সুদে আসলে ব্যাংক এর পাওনা ৮,৭৮,৪৩৫.৫৬ (অটো লক্ষ আটাত্তর হাজার চারশত পঁয়ত্রিশ টাকা চাপান্ন পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন বর্ণিত গাড়ীখানা নিলামে বিক্রয়ের জন্য আর্থহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে। উল্লেখ্য যে, ঋণগ্রহীতা উক্ত গাড়ীখানা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন।

নিলামকৃত গাড়ীর বিবরণ

Nissan Hiace Microbus, Chassis No- VPE25-116780, Engine No- KA20-104800X, Year of Manufacture- 2007, Registration No- CHATTA METRO CHA-11-5857, CC- 2000, Colour- White.

নিলামের শর্তাবলী

- (১) আগামী ২৮/০৯/১৪ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দামপাড়া শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর এর ২০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দামপাড়া শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) সর্বোচ্চ দরদাতা তাহার দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে গাড়ীটি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে গাড়ীটির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) দরপত্রের বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য এবং গাড়ীটি দেখিবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দামপাড়া শাখা, চট্টগ্রাম।